স্বপ্ন প্রয়াস’র উদ্যোগে খাদ্য সামগ্রী ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ

কুষ্টিয়ায় কোভিড-১৯ মোকাবিলায় বিধবা, প্রতিবন্ধী ও অসহায় পরিবারের মধ্যে ১৫ দিনের খাবার ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার কুষ্টিয়া সদর উপজেলার স্বেচ্ছাসেবী যুব সংগঠন “স্বপ্ন প্রয়াস” এর সৌজন্যে সংগঠনের কার্যালয়ে এসব বিতরণ করা হয়।

আলো স্বেচ্ছাসেবী পল্লী উন্নয়ন সংস্থা এবং একশনএইড বাংলাদেশের সহযোগীতায় ২০ টি পরিবারের মধ্যে প্রতিটি পরিবারকে ২০ কেজি চাল, এক কেজি মসুরের ডাল, চার কেজি আলু,এক কেজি লবণ, দুই লিটার সয়াবিন তেল, এক টি সাবান, দুইশত গ্রাম ডিটারজেন্ট, এক প্যাকেট স্যানিটারি ন্যাপকিন, দুই টি ব্যাগ প্রদান করা হয়।

স্বপ্ন প্রয়াস এর সভাপতি সাদিক হাসান রহিদের সভাপতিত্বে ও সংগঠনের সাধারণ সম্পাদক মেহেরাব হাসান মুশফিকের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন স্বপ্ন প্রয়াস এর সহ-সভাপতি ফারসা নাহার নৌশি, দপ্তর সম্পাদক এস এম তানজিল আলম, নির্বাহী সদস্য আসিফ মুতবা, রাহুল, ওমর, চমক,প্রিন্স ও তুষার।

কোভিড-১৯ মোকাবেলায় জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলতে উৎসাহিত করাসহ মাস্ক ব্যবহার করা, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা এবং কিছু সময় পরপর ২০ সেকেন্ড ধরে সাবান পানি দিয়ে হাত পরিষ্কার করতে পরামর্শ দেওয়া হয়।

ইবির নতুন উপাচার্য ড. শেখ

আব্দুস সালাম

কুষ্টিয়ার ইসলামি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে চার বছর মেয়াদে নিয়োগ পেলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. শেখ আবদুস সালাম।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। এতে বলা হয়, উপাচার্য হিসেবে তিনি অবসর অব্যাহতির আগের পদের সমপরিমাণ বেতন-ভাতা পাবেন এবং বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন। বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী হিসেবে তিনি সার্বক্ষণিক ক্যাম্পাসে অবস্থান করবেন। রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের প্রয়োজনে যেকোনও সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

অধ্যাপক ড. শেখ আবদুস সালাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক।

বাগেরহাট জেলার রামপাল উপজেলায় জন্ম নেওয়া ড. সালাম রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৭৫ সালে অর্থনীতিতে বি এ (সম্মান) এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৬ সালে অর্থনীতিতে এম এ ডিগ্রি অর্জন করেন। এরপর তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে গণযোগাযোগ ও সাংবাদিকতায় এমএ এবং এলএলবি ডিগ্রি লাভ করেন। ১৯৮৬ সালে ভারতের পুনা বিশ্ববিদ্যালয় থেকে যোগাযোগ ও সাংবাদিকতায় পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

ড. সালাম বাংলাদেশ সরকারের ক্রীড়া, সংস্কৃতি ও ধর্ম বিষায়ক মন্ত্রণালয়ে গবেষণা কর্মকর্তা পদে চার বছর চাকরি করেন। তিনি ১৯৮৬-৮৭ সালে বাংলাদেশ অ্যাসোসিয়েশন ফর ভলান্টারি স্টেরিলাইজেশনের (বিএভিএস) পরিচালক, প্রোগ্রাম অ্যান্ড আইইসি পদে দায়িত্ব পালন করেন।

১৯৮৭ সালে তিনি শিক্ষক হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগ দেন। ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত তিনি বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মহাপরিচালক পদে দায়িত্ব পালন করেন। এছাড়াও ২০০৬ থেকে ২০০৯ সাল পর্যন্ত তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান এবং ২০০৯ সালে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিনের দায়িত্ব পালন করেন।

এসময়ে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স কমিটির সদস্য এবং সামাজিক বিজ্ঞান অনুষদ থেকে প্রকাশিত ঢাকা বিশ্ববিদ্যালয় পত্রিকার সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন।
তিনি বৃটিশ কাউন্সিল হায়ার এডুকেশন লিঙ্ক প্রোগ্রামের সমন্বয়ক এবং বাংলাদেশ, নরওয়ে, পাকিস্তান ও নেপাল এই চার দেশের সম্মিলিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের নোমা প্রোগ্রামের পরিচালকের দায়িত্ব পালন করেন।

ড. সালাম ২০০৯ থেকে ২০১১ সময়ে বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজির সিন্ডিকেট সদস্য ছিলেন। ২০১১ সাল থেকে তিনি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কমিটির সদসস্যের দায়িত্ব পালন করছেন।

২০১২ থেকে ২০১৯ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেসের পরিচালক পদে ছিলেন তিনি। নরওয়ের অসলো ইউনিভার্সিটি কলেজ এবং রোমানিয়ার লুসিয়ান ব্লাগা ইউনিভার্সিটিতে ভিজিটিং অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেছেন ড. সালাম।

কুমারখালীতে অবৈধ বালু উত্তোলনের দায়ে জেল-জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে ড্রেজার মেশিন দিয়ে অবৈধ ভাবে বালু উত্তোলন করার অপরাধে ৪জনকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ১ জনকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার দুপুরে উপজেলার শিলাইদহ ইউনিয়নের পদ্মা নদীর ঘাট এবং আড়ুয়াবাধার চর সংলগ্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত অভিযান চালায়।

দণ্ডপ্রাপ্তরা হচ্ছে কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর ইউনিয়নের কান্তিনগর এলাকার ছাত্তার মোল্লার ছেলে রিপন (৩২), ভেড়ামারা বারোমাইল এলাকার সিরাজুল প্রামানিক (৩০), আতিয়ার রহমান (৪০), আবুল কাশেম (৩৫) ও বেলগাছি এলাকার মোক্তার হোসেন।

অভিযানে নেতৃত্ব দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এমএ মুহাইমিন আল জিহান।

এ সময় তিনি জানান, এ চক্রটি দীর্ঘদিন ধরে অবৈধভাবে ড্রেজার মেশিন দিয়ে বালু উত্তোলন করে আসছে।

মঙ্গলবার দুপুরে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পরে বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এর আওতায় রিপন, সিরাজুল প্রামানিক, আতিয়ার রহমান ও আবুল কাশেমকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং মোক্তার হোসেনকে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

অভিযানে কুমারখালী থানা পুলিশ, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা সহায়তা করে।

প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ায় তাঁতীলীগের উদ্যোগে নানা আয়োজন

বাংলাদেশ তাঁতী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সিনিয়র সহ-সভাপতি এ্যাড. নিজামুল হক চুন্নু বলেছেন, জননেত্রী শেখ হাসিনা দেশ এবং দেশের মানুষের উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছেন। শেখ হাসিনার নেতৃত্বে দেশ এখন মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে।

তিনি সোমবার বিকেলে বাংলাদেশ তাতীলীগ কুষ্টিয়া জেলা শাখা কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৪তম জন্মদিন উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

তিনি বলেন, সারা দেশের পাশাপাশি কুষ্টিয়ায় ব্যাপক উন্নয়ণমূলক কর্মকাণ্ড করতে সক্ষম হয়েছে এ সরকার।

এসব উন্নয়ন হয়েছে কেবল প্রধানমন্ত্রীর আস্থাভাজন কুষ্টিয়ার উন্নয়নের রূপকার মাহবুবউল আলম হানিফ এমপির ঐকান্তিক প্রচেষ্টায়।

তিনি আরো বলেন, বর্তমান সরকারের উন্নয়নের অগ্রযাত্রার শরীক হতে তাঁতীলীগ একনিষ্ঠ ভাবে কাজ করছে। প্রান্তিক তাঁতীদের কল্যাণে কাজ করতে তাঁতীলীগ বদ্ধ পরিকর।
বাংলাদেশ আওয়ামী লীগের

সহযোগী সংগঠনের মধ্যে সবচেয়ে শক্তিশালী সংগঠন হবে এই তাঁতীলীগ এমন প্রসঙ্গ টেনে এই নেতা বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া এ সংগঠন। তাই সহযোগী সংগঠনের সকল নেতাকর্মীকে ঐক্যবদ্ধ ভাবে দলের জন্য কাজ করার আহবান জানান তিনি।

বাংলাদেশ তাঁতী লীগ জেলা শাখার আহবায়ক রুহুল আমিনের সভাপতিত্বে ও সদস্য সচিব হাজী হারুন-অর রশিদের পরিচালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাংলাদেশ তাতীলীগ কুষ্টিয়া জেলা কমিটির সিনিয়র যুগ্ম আহবায়ক সরোয়ার হোসেন, যুগ্ম আহবায়ক আবু হাসান লিটন, শহীদুল ইসলাম, বিপুল হোসেন, হাবিবুর, স্মৃতি, কণা, রাণী বিশ্বাসসহ অন্যরা।
পরে দোয়া মোনাজাত শেষে কেক কাটা হয়।

এসময় জেলা ও বিভিন্ন উপজেলার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জেলা পরিষদ চেয়ারম্যানের জামিন

জাতীয় পরিচয়পত্র জালিয়াতির মামলায় কুষ্টিয়া জেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি হাজী রবিউল ইসলামকে ৮ সপ্তাহের আগাম জামিন দিয়েছেন হাইকোর্ট।

বিচারপতি এম. ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. মোস্তাফিজুর রহমানের হাইকোর্ট বেঞ্চ রবিবার এ আদেশ দেন। জামিন আবেদনকারীপক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট খুরশীদ আলম খান।

জাতীয় পরিচয়পত্র জালিয়াতির অভিযোগে গত ৭ সেপ্টেম্বর কুষ্টিয়া মডেল থানায় মামলা করা হয়। এ মামলার আসামি মহিবুল ইসলামকে

গ্রেপ্তারের পর তিনি আদালতে স্বীকারেক্তিমূলক জবানবন্দী দিয়েছেন।

তার দেওয়া জবানবন্দীতে হাজী রবিউল ইসলামের নাম উঠে আসে। যে জমি কেনাবেঁচায় জাতীয় পরিচয়পত্র জালিয়াতির ঘটনা ঘটেছে সেই জমি বিক্রির পর হাজী রবিউল ইসলামকে ৩০ লাখ টাকা দেওয়ার কথা ছিল বলে জবানবন্দীতে জানান মহিবুল ইসলাম।

তবে জাতীয় পরিচয়পত্র জালিয়াতির সঙ্গে জড়িত ছিলেন কিনা সেবিষয়ে কোনো কথা বলেননি মহিবুল ইসলাম। তারপরও পুলিশী হয়রানি বা গ্রেপ্তার এড়াতে হাইকোর্টে হাজির হয়ে আগাম জামিনের আবেদন করেন জেলা পরিষদ চেয়ারম্যান।

সংসারের খরচ জোগাতে ইব্রাহিমের হরেকরকম ফুলের চা

ভাগ্যবদলের আশায় এসএসসি পরীক্ষার পর চাকরির সন্ধানে ঢাকা চলে যান ইব্রাহিম নদী (২১)। তখন গার্মন্টসে একটা চাকরিও জুটিয়ে ছিলেন। কিন্তু মহামারী করোনা শেষ করে দিয়েছে কৃষক পরিবারের সন্তান ইব্রাহিমের সেই স্বপ্ন। এখন তিনি কুষ্টিয়া-মেহেরপুর সড়কের পাশে একটি দোকানে হরেকরকম ফুল দিয়ে চা তৈরি করেন। চা বিক্রির এই আয় দিয়েই চলছে তার সংসার।

কুষ্টিয়ার মিরপুর পৌরসভার ৪নং ওয়ার্ডের কৃষক আমিরুল ইসলামের ছেলে ইব্রাহিম নদী। তিন ভাইবোনের মধ্যে ইব্রাহিম সবার বড়। ২০১৭ সালে এসএসসি পরীক্ষার পর সংসারের সচ্ছলতার জন্য চলে যান ঢাকায়।

এরপর নারায়ণগঞ্জে এসোটেক্স নিট গার্মেন্টস নামে একটি প্রতিষ্ঠানে হেলপার হিসেবে কর্ম শুরু করেন। সবশেষ সেখানে তিনি ইনচার্জের দায়িত্ব পালন করতেন। বেতন যা পেতেন তা দিয়ে ভালোই চলছিল ইব্রাহিমের সংসার। কিন্তু করোনার কারণে বন্ধ হয়ে যায় তার গার্মেন্টস। স্বপ্নে ভাটা পড়ে ইব্রাহিমের।

ইব্রাহিম নদী বলেন, এসএসসি পর্যন্ত পড়ালেখা করার পর আর্থিক

দুরবস্থার কারণে জীবিকার সন্ধানে ঢাকায় চলে যাই। দীর্ঘ তিন বছর নারায়ণগঞ্জের একটি গার্মেন্টসে চাকরি করতাম। কিন্তু মহামারী করোনার কারণে গার্মেন্টস কারখানা বন্ধ হয়ে যায়। তখন বাড়ি ফিরে আসতে বাধ্য হই। এরপর প্রায় দুই মাস বেকার বসেছিলাম। এ সময় কারও কাছ থেকে কোনো সাহায্য সহযোগিতা পাইনি।

তিনি আরও বলেন, কিছু না পেয়ে পরে স্বল্পপুঁজিতে ব্যবসা করার সিদ্ধান্ত নেই। তেমন সামর্থ্য না থাকায় স্থানীয় মিরপুর জিয়াসড়কের পাশে একটি দোকান ভাড়া নিয়ে সেখানে চায়ের দোকান দিয়েছি। এখানে সারাদিন চা বিক্রি করে তিন থেকে চারশ’ টাকা আয় হয়। এ দিয়ে কোনোমতে সংসার চলছে।

ইব্রাহিম জানান, আমার দোকানে বিভিন্ন ফুল দিয়ে চা তৈরি করা হয়। এসব ফুলের মধ্য রয়েছে অপরাজিতা, জবা প্রভৃতি। এছাড়াও মরিচ ও তেঁতুল দিয়ে তৈরি চায়েরও জনপ্রিয়তা বাড়ছে।

তিনি আরও জানান, আমার বাবা একজন কৃষক। তার নিজের কোনো জমি নেই। অন্যের জমি বর্গা নিয়ে টুকটাক চাষাবাদ করেন। এ দিয়ে কোনো মতে সংসার খরচ চললেও ছোট ভাইবোনদের পড়ালেখার খরচ চলে না। তাই সংসাদের খরচ জোগাতে অবশেষে চা বিক্রি শুরু করেছি।

মিল মালিকদের সাথে জরুরি বৈঠক কুষ্টিয়ার জেলা প্রশাসকের

দফায় দফায় চালের দাম বাড়ার যৌক্তিক কারণ খুঁজতে মিল মালিকদের ডেকে জরুরি বৈঠক করেছেন কুষ্টিয়ার জেলা প্রশাসক আসলাম হোসেন। তবে চালের দাম বাড়ার বিষয়ে মিল মালিকরা দায় চাপালেন উত্তরবঙ্গের ধান ব্যবসায়ী ও মিল মালিকদের ওপর। মিল মালিকদের দাবি, উত্তরবঙ্গ থেকে ধান কিনে এনে কুষ্টিয়ার মোকামে চাল উৎপাদন করা হয়। উত্তরবঙ্গে ধানের দাম বেড়ে যাওয়ায় চালের দাম বাড়াতে তারা বাধ্য হয়েছেন।

বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ বৈঠক হয়। এতে

সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আসলাম হোসেন। বিকেল সাড়ে ৫টা পর্যন্ত চলা বৈঠকে বাংলাদেশ অটো মেজর অ্যান্ড হাসকিং মিল মালিক সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি আবদুর রশিদসহ জেলা চালকল মালিক সমিতির শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন।

বৈঠক শেষে চালের দাম নির্ধারণে সাত সদস্যের একটি কমিটি গঠন করা হয়। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) সিরাজুল ইসলামকে প্রধান করে জেলা খাদ্য নিয়ন্ত্রক তানিমুল সিরাম, বাজার মনিটরিং কর্মকর্তা রবিউল ইসলামসহ চারজন মিল মালিককে সদস্য করা হয়। চারজন মিল মালিক হলেন জেলা চালকল মালিক সমিতির সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন, মিল মালিক মোহাম্মদ আলী জিন্নাহ, আবদুল খালেক ও ওমর ফারুক।

বৈঠকে জেলা চালকল মালিক সমিতির সভাপতি আবদুস সামাদ বলেন, চালের চাহিদা বেড়ে যাওয়ায় তারা চালের দাম বাড়িয়েছেন। তার দাবি, ঢাকা থেকে ব্যাপকভাবে চালের ফরমায়েশ আসছে। গতকাল মোকামে কেজিপ্রতি মিনিকেট চাল বিক্রি হয়েছে ৫২ টাকা দরে।

চালকল মালিক সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি আবদুর রশিদ বলেন, উত্তরবঙ্গের ধানের ওপর আমাদের (কুষ্টিয়া মোকাম) চাল উৎপাদন নির্ভর করে। সেখানে ধান ব্যবসায়ী ও কৃষকদের কাছে প্রচুর ধান মজুদ আছে। তারপরও তারা প্রতিদিন ধানের দাম বাড়িয়ে দিচ্ছেন। আজ (গতকাল) এক হাজার ৩০০ টাকা মণ দরে ধান কেনা হয়েছে। এই দামে ধান কিনে চাল উৎপাদন করলে কেজিপ্রতি চালের দাম মোকামে পড়ে ৫৮ টাকা। এরপরও মিল মালিকরা ৫২ টাকা কেজি দরে লোকসানে চাল বিক্রি করছেন।

এ সময় জেলা প্রশাসক আসলাম হোসেন কয়েকটি গোয়েন্দা সংস্থার বরাত দিয়ে বলেন, আবদুর রশিদ যে দামে চাল বিক্রি করে, তার পেছন পেছন অন্যরাও ছোটেন। তিনি ঠিক থাকলে চালের দামও ঠিক থাকে। প্রত্যেকের কর্মকাণ্ড নিয়মিত নজরে রাখা হচ্ছে। অযৌক্তিকভাবে চালের দাম বাড়ানো হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও বলেন, প্রশাসনকে না জানিয়ে চালের দাম বাড়ানো হয়েছে। শুক্রবার থেকে কোনোভাবেই চালের দাম বাড়ানো যাবে না। বাড়লে ব্যবস্থা নেওয়া হবে।

রাজনৈতিক গ্রুপিংয়ে মিরপুরে ছাত্রলীগ নেতা আটক

কুষ্টিয়া জেলা ছাত্রলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক এস কে চঞ্চলসহ তিনজনকে আটক করেছে মিরপুর থানা পুলিশ।

বৃহস্পতিবার রাতে তাদের নিজনিজ বাড়ী থেকে আটক করা হয়।

আটককৃতরা হলেন জেলা ছাত্রলীগের সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক এস কে চঞ্চল, তার চাচা খোকন মৃধা ও মিরপুর উপজেলা মাদক প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক ও আওয়ামী লীগ নেতা ড্যানী।

তবে এলাকাবাসীর দাবী অল্পদিনেই এস কে চঞ্চলের নেতৃত্বে ছাত্রলীগকে সুসংগঠিত করতে নিরন্তর কাজ করে যাচ্ছে। এছাড়া জামায়াত ও বিএনপির নেতাকর্মীদের বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়ায় হিংসাপরায়ণ হয়ে তাকে পুলিশ আটক করায় এলাকাবাসী ক্ষুব্ধ হয়েছে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম আটকের বিষয়টি নিশ্চিত করে বলেন, এস কে চঞ্চলের বিরুদ্ধে চাঁদাবাজী ও দেশীয় অস্ত্র শস্ত্র নিয়ে সাধারণ মানুষকে ভয়ভীতি দেখানোর জন্য মহড়াসহ একাধিক অভিযোগ রয়েছে । এ ব্যাপারে মিরপুর থানার এসআই পার্থ ঘোষ বাদী হয়ে চঞ্চলসহ তিন জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন।
আটককৃতদেরকে শুক্রবার দুপুরে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

এদিকে, ছাত্রলীগ নেতা চঞ্চলকে আটক করে মিথ্যা ও ভিত্তিহীন মামলায় আদালতে প্রেরণ করায় এলাকাবাসীসহ ছাত্রলীগ, যুবলীগ ও আওয়ামী লীগের স্থানীয় নেতারা চরম ক্ষুদ্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন।

তারা বলেন, এস কে চঞ্চল একজন বলিষ্ঠ ছাত্রনেতা ও সমাজ কর্মী। সে আওয়ামী পরিবারের সন্তান। তার বাবা শহিদুল ইসলাম মৃধা বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি। বাবার রাজনৈতিক মতাদর্শ দেখে ছোটবেলা থেকেই আওয়ামী প্রেমী হয়ে ওঠে চঞ্চল। তারপর থেকেই ছাত্র রাজনীতিতে প্রবেশ করে সদ্য বিলুপ্ত কুষ্টিয়া জেলা ছাত্রলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেন।

স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দের ভাষ্য অনুযায়ী, এস কে চঞ্চল ছাত্রলীগের রাজনীতিতে সরব। এলাকার মানুষের সুখে দু:খে সব সময় পাশে দাঁড়ায় সে। তাকে রাজনৈতিক গ্রুপিং এর কারণে আটক করানো হয়েছে বলে আমাদের বিশ্বাস। আমরা এর তীব্র নিন্দা জানাই এবং আটককৃতদের অবিলম্বে মুক্তি দাবী করছি।

কুমারখালীতে শিশু বলাৎকারের শিকার, অভিযুক্ত গ্রেফতার

কুষ্টিয়ার কুমারখালীতে ৫ বছরের শিশুকে বলাৎকারের অভিযোগ উঠেছে নায়েব আলী (৪৮) নামক এক ব্যক্তির বিরুদ্ধে। শুক্রবার তাকে গ্রেফতার করেছে থানা পুলিশ।

নায়েব আলী কুমারখালী উপজেলার চাঁদপুর ইউনিয়নের চাঁদপুর স্কুল পাড়ার উকিল শেখের ছেলে।

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মজিবুর রহমান জানান, বৃহস্পতিবার সকালে শিশুটি তাদের বাড়ির আঙিনায় ধুলোমাটি নিয়ে খেলা করার সময় লম্পট নায়েব তাকে ফুসলিয়ে পার্শ্ববর্তী শফিকের নির্জন বাড়িতে নিয়ে গিয়ে কাঁচা পায়খানার পূর্বপাশে বলাৎকার করার সময়ে শিশুটির চিৎকারে এলাকাবাসী ছুটে আসলে সে দৌড়ে পালিয়ে যায়।

পরে শিশুটির মা থানায় অভিযোগ দিলে নায়েব আলীকে গ্রেফতার করা হয়। এ ব্যাপারে শিশু ও নারী নির্যাতন দমন আইনে মামলা দায়ের হয়েছে মামলা নং ২১ ।

ভেড়ামারায় বাল্যবিয়ে আয়োজনের দায়ে কারাদণ্ড

কুষ্টিয়ার ভেড়ামারায় বাল্যবিয়ে আয়োজনের দায়ে কণের দাদা মোতালিব মন্ডলকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে। একইসাথে কনের চাচাতো ভাই রায়হান কে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। শুক্রবার দুপুরে ভেড়ামারা পৌরসভার ফারাকপুর ২ নং ওয়ার্ডে আবুল কালাম আজাদ’র বাড়িতে অভিযান চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।

তিনি জানান, বাল্যবিবাহ হচ্ছে এমন অভিযোগের ভিত্তিতে ভেড়ামারা থানা পুলিশকে সাথে নিয়ে ভেড়ামারা পৌরসভার ফারাকপুর ২ নং ওয়ার্ডে আবুল কালাম আজাদ’র বাড়িতে অভিযান চালানো হয়। এসময় কণের আঠারো বছর পূর্ণ না হওয়ায় বাল্য বিবাহের আয়োজন করার দায়ে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ মোতাবেক কণের দাদা মোতালিব মন্ডলকে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান এবং কনেকে বাড়িতে রাখা ও বিয়েতে সার্বিকভাবে সহযোগিতা করার দায়ে একই আইনে কনের চাচাতো ভাই রায়হান কে একই ধারা মোতাবেক ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।